

এসবিএল: প্রকা:কার্ড/১২২৫

তারিখ: ২৭ জুন, ২০১৮

জেনারেল ম্যানেজার/
ডেপুটি জেনারেল ম্যানেজার/
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/
ম্যানেজার
সোনালী ব্যাংক লিমিটেড
সকল শাখা।

অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ
ই-মেইল যোগে প্রেরিত

বিষয়: Core Banking System (CBS) এর মাধ্যমে ক্রেডিট এবং প্রি-পেইড কার্ড এর টাকা জমাকরণ প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে আপনাদেরকে অবহিত করা যাচ্ছে যে, বর্তমানে ক্রেডিট ও প্রি-পেইড কার্ডের টাকা গ্রহণ করার জন্য শাখা পর্যায়ে গ্রাহকের নিকট হতে নির্ধারিত জমা রশিদে টাকা গ্রহণ করার পর কার্ড হিসাবে জমাকরণ লক্ষ্যে RMS+ এর মাধ্যমে TRA ইস্যু করে কার্ড ডিভিশনে প্রেরণ করা হয়। কার্ড ডিভিশন হতে উক্ত TRA এর সঠিকতা যাচাই বাছাই পূর্বক সংশ্লিষ্ট গ্রাহকের কার্ড হিসাবে জমা করা হয়। এ পদ্ধতিতে কার্যাদি সম্পন্ন করতে দীর্ঘসূত্রিতা ছাড়াও ভুল হওয়ার সম্ভাবনা থেকে যায়, এছাড়াও অধিক জনবলও প্রয়োজন হয়।

২.০০ : ম্যানুয়াল পদ্ধতির দীর্ঘসূত্রিতা হ্রাসকরণের নিমিত্ত ইতোমধ্যে Core Banking System হতে ক্রেডিট ও প্রি-পেইড কার্ডের টাকা গ্রহণ করার কার্যক্রম Automated করা হয়েছে, যা আগামী ০২ জুলাই, ২০১৮ তারিখ হতে চালু হবে।

৩.০০ : এ পদ্ধতিতে শাখা পর্যায়ে গ্রাহকের নিকট হতে নির্ধারিত জমা রশিদে ক্রেডিট ও প্রি-পেইড কার্ডের টাকা গ্রহণ করার জন্য CBS এর Transaction Module হতে Entries=> Deposit in Credit/Pre-Paid Card সাব মেনু (Program ID: ECARDDEP) ব্যবহার করতে হবে।

উল্লেখ্য,

- ক. উক্ত জমা গ্রহণ ও লেনদেনটি অবশ্যই (Invariably) ব্যাংকিং লেনদেন সময়ের মধ্যেই সম্পন্ন (Entry & Authorization) করতে হবে, অন্যথায় উহা সংশ্লিষ্ট কার্ড হিসাবে উক্ত দিবসে জমা করা আদৌ সম্ভবপর হবে না।
- খ. জমার ক্ষেত্রে গ্রাহকের অনুকূলে ইস্যুকৃত সর্বশেষ কার্ড নম্বর ব্যবহার করতে হবে, কোন ক্রমেই পূর্বে ব্যবহৃত কার্ড নম্বর ব্যবহার করা যাবে না।
- গ. কার্ড নম্বর, টাকার পরিমাণ ও যে কারেন্সিতে টাকা জমা করতে হবে তা কোনক্রমেই ভুল করা যাবে না।
- ঘ. ক্রেডিট ও প্রি-পেইড কার্ড এর টাকা জমাকরণের ক্ষেত্রে কোন প্রকার টিআরএ প্রেরণের আদৌ প্রয়োজন হবে না।
- ঙ. জমার রিপোর্ট প্রাপ্তির জন্য CBS এর Transaction Module হতে Report=> Deposit in Credit/Pre-Paid Card সাব মেনু (Program ID: RCARDDEPTRN) ব্যবহার করতে হবে।

এমতাবস্থায়, ০২ জুলাই, ২০১৮ তারিখ হতে ক্রেডিট ও প্রি-পেইড কার্ড এর টাকা জমা করার ক্ষেত্রে Core Banking System এ সংযোজিত নতুন পদ্ধতি ব্যবহার করার মাধ্যমে গ্রাহকগণকে সর্বোত্তম সেবা প্রদানের জন্য আপনাদেরকে অনুরোধ জানানো হলো।

বিষয়টি জরুরী ও গুরুত্বপূর্ণ হিসাবে বিবেচনা করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা:/-
(সুবাস চন্দ্র হালদার)
ডেপুটি জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ/ফরিদপুর।
- ২। ডেপুটি জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, সকল প্রিন্সিপাল অফিস।
- ৩। এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, সকল রিজিওনাল অফিস।

ডেপুটি জেনারেল ম্যানেজার